

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
www.dwa.gov.bd

স্মারক নং-৩২.০১.০০০০.০০১.১৮.০৬৯.২১- ১৬২(১)

তারিখঃ ৩০/০৩/২০২৬খ্রি।


প্রজ্ঞাপন

যেহেতু, মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতাধীন পঞ্চগড় জেলার দেবীগঞ্জ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের হিসাব রক্ষক কাম ক্রেডিট সুপারভাইজার জনাব মোঃ সাইফুল ইসলাম এর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ এর ১১(গ)/৩০ ধারায় দেবীগঞ্জ থানায় দায়েরকৃত মামলা নং- ০৩ এ গত ১৪/০২/২০২৬ তারিখে গ্রেফতার হয়েছেন।

সেহেতু, সরকারী চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারা এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ১২(১) বিধি অনুযায়ী দেবীগঞ্জ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের হিসাব রক্ষক কাম ক্রেডিট সুপারভাইজার জনাব মোঃ সাইফুল ইসলাম -কে ১৪/০২/২০২৬ তারিখ হতে “সাময়িক বরখাস্ত” করা হলো।

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি প্রচলিত বিধি মোতাবেক খোরপোষ ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো এবং ১৪/০২/২০২৬ খ্রি. তারিখ হতে কার্যকর হিসেবে গণ্য হবে।



জিনাত আরা
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ০২-৪১০৩৩২১৩

স্মারক নং-৩২.০১.০০০০.০০১.১৮.০৬৯.২১- ১৬২(২)

তারিখঃ ৩০/০৩/২০২৬খ্রি।

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি:

- ০১। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড়।
- ০২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, দেবীগঞ্জ, পঞ্চগড়।
- ০৩। সহকারী পরিচালক (প্রশাঃ/অর্থ), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০৪। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ০৫। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দেবীগঞ্জ, পঞ্চগড়।
- ০৬। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, দেবীগঞ্জ, পঞ্চগড়।
- ০৭। জনাব মোঃ সাইফুল ইসলাম, হিসাব রক্ষক কাম ক্রেডিট সুপারভাইজার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, দেবীগঞ্জ, পঞ্চগড়।
- ০৮। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০৯। পরিচালকের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ১০। অফিস কপি।



জিনাত আরা
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ০২-৪১০৩৩২১৩